

(২)

অথবা

৪. ‘অস্তর্জলী যাত্রা’ উপন্যাসে তৎকালীন সমাজের যে ছবি ধরা পড়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

৫. পালানের আকস্মিক মৃত্যুতে যে উপন্যাসের সূচনা ও বিস্তার তার উৎসর্গ পত্রে রমাপদ লেখেন, “পালান/তোরা যেদিন পড়তে শিখবি/সেদিনের আশায়” তোমার উপন্যাস পাঠে এই কথাগুলি কোনো আলাদা মাত্রা যোগ করে কি? না কি একে তুমি নিছকই অলংকরণ মনে করো? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

অথবা

৬. ‘খারিজ’ উপন্যাসের প্রসঙ্গ কথায় রমাপদ চৌধুরী একবার বলেছেন, “এই সমাজ প্রধান অপরাধী, কিন্তু আমরাও সমান অপরাধী” আবার ওই প্রসঙ্গ কথারই শেষে তার বক্তব্য, “মধ্যবিত্ত মানুষ এই সমাজব্যবস্থার মধ্যে নিজের অসহায়তাকে দায়ী করে। তখন আর তার গায়ে কোন দাগ লেগে থাকে না।”—উপন্যাসটি সম্পর্কে এই দুটি মন্তব্যই কি তোমার সমর্থনযোগ্য মনে হয়? আলোচনা করো। ১০

৭. ‘অজ্ঞাতবাস’ নামকরণ কি আসলে আন্দোলনটির ব্যর্থতাবোধক অনুভবের পরিচায়ক না তাকে ছাপিয়ে অন্য কিছু সূচক—উপন্যাস অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

অথবা

৮. তপুর আন্দোলন আসলে রুগণ সমাজ-স্বরূপের বিরুদ্ধে প্রতিরোধ রচনারই প্রচেষ্টা—‘অজ্ঞাতবাস’ উপন্যাস অবলম্বনে বক্তব্যটি স্পষ্ট করো। ১০

Ex./BANGLA/PG/1.56A/4/2017

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

বাংলা

আধুনিক বাংলা উপন্যাস

কোর্স পি.জি. - ১.৫৬এ

সময় দু’ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো

১. সাবিত্রী রায়ের ‘স্বরলিপি’ উপন্যাসের কালপর্ব ১৯৪৬ থেকে ১৯৫৯। এই সময়কালের একটি অন্যতম গুরুত্বপূর্ণ ঘটনা ভারতীয় কমিউনিস্ট দলের পার্টি লাইনের বদল। উপন্যাসের চরিত্রদের ব্যক্তিসম্পর্কে এই ‘বদল’ কতটা প্রভাব ফেলেছে আলোচনা করো। ১০

অথবা

২. তেভাগা আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে ‘স্বরলিপি’ উপন্যাসে এই আন্দোলনের যে ছবি ধরা পড়েছে তার স্বরূপ আলোচনা করো। ১০

৩. ‘অস্তর্জলী যাত্রা’ উপন্যাসে একদিকে যেমন সমাজ ও সময়ের গভীর ক্ষত চিহ্নিত হয়েছে অন্যদিকে তেমনি পরিস্ফুট হয়েছে এক অক্ষম প্রতিবাদ—একইসঙ্গে এই যুগ্ম চিত্র বয়নে কমলকুমারের সমাজ পর্যবেক্ষণ শক্তির পরিচয়টি স্পষ্ট করো। ১০